সংবাদ

তারিখ ... 22 JAN 2016 ...
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ২ ...

### সাতক্ষীরা সরকারি কলেজ

# বিএনসিসির সিইউওর মাথা ফাটাল ছাত্রলীগ

প্রতিনিধি, সাতক্ষীরা

বাংলাদেশ জাতীয় ক্যাডেট কোর (বিএনসিসি) সাতক্ষীরা সরকারি কলেজ কন্টিনজেন্টের ক্যাডেট আন্ডার অফিসার (সিইউও) ইখতিয়ান উদ্দিনকে মারপিট করে মাথা ফাটিয়ে দিয়েছে ছাত্রলীগের নেতাকর্মীরা। গত বুধবার বেলা ১২টার দিকে এ ঘটনা ঘটে। তিনি স্নাতক ৩য় বর্ষের শিক্ষার্থী। তিনি সদর হাসপাতালে চিকিৎসাধীন আছেন।

প্রত্যক্ষদর্শীরা জানান, সরকারি কলেজের মূল ভবনের গেটে ছাত্রলীগের উচ্চ মাধ্যমিক ইয়ার কমিটির সভাপতি আশিক ও সাধারণ সম্পাদক নাজমুস সাকিবসহ অন্যান্য নেতা-কর্মীরা দাড়িয়ে আড্ডা দিচ্ছিল। এসময় ইখতিয়ার উদ্দিন ভবনে প্রবেশের জন্য তাদেরকে সরে যেতে অনুরোধ করলে তারা ক্ষিপ্ত হয়ে তাকে ধরে কলেজের বাইরের একটি চায়ের দোকানের সামনে নিয়ে যায়। সেখানে কলেজ ছাত্রলীগের সভাপতিসহ অন্যান্য নেতৃবৃন্দের উপস্থিতে বেদম মারপিট করে তার মাথা ফাটিয়ে দেয়া হয়। পরে স্থানীয়রা উদ্ধার করে তাকে সদর হাসপাতালে ভর্তি করেছে।

এ ব্যাপারে সাতক্ষীরা সরকারি কলেজের অধ্যক্ষ প্রফেসর লিয়াকত পারভেজ জানান, উভয়পক্ষকে নিয়ে বিষয়টি মীমাংসা করা হবে।